

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৪

১. পবিত্ৰতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২. চামড়া প্রক্রিয়াজাত করা

بَابُ الدِّبَاغِ

## আরবী

ثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى ، ثَنَا ابْنُ وَهْبٍ ، أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ ، وَاللَّيْثُ بْنُ سَعْدٍ ، عَنْ كَثِيرِ بْنِ فَرْقَدٍ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَالِكِ بْنِ حُذَافَةَ حَدَّثَهُ ، عَنْ أُمِّهِ الْعَالِيَةِ بِنْتِ سُبَيْعٍ : أَنَّ مَيْمُونَةَ زَوْجَ النَّبِيِّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ حَدَّثَتُهَا ، عَنْ أُمِّهِ الْعَالِيَةِ بِنْتِ سُبَيْعٍ : أَنَّ مَيْمُونَةَ زَوْجَ النَّبِيِّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ حَدَّثَتُهَا أَنَّهُ مَرَّ بِرَسُولِ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ نَفُرُ مِنْ قُرَيْشٍ يَجُرُّونَ شَاةً لَهُمْ مِثْلَ الْحَمَارِ ، فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ : " لَوْ أَخَذْتُمْ إِهَابَهَا " ، قَالُوا : إِنَّهَا مَيْتَةٌ ، قَالَ : رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ : " يُطَهِّرُهَا الْمَاءُ وَالْقَرَظُ

## বাংলা

১০৪(১১)। আবু বাকর আন্-নায়শাপুরী (রহঃ) ... উবায়দুল্লাহ ইবনে মালেক ইবনে হুযাফা (রহঃ)-এর মাতা আলিয়া বিনতে সুবায়ঈ (রহঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী মায়মূনা (রাঃ) তার নিকট হাদীস বর্ণনা করেন, কুরাইশদের কিছু সংখ্যক লোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে দিয়ে প্রায় গাধার মত বিরাটকায় একটি বকরীর লাশ টেনে নিয়ে যাচ্ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে বলেনঃ তোমরা যদি এর চামড়া খুলে নিতে! তারা বলেন, এটা তো মৃত! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ পানি ও ঔষধি একে পাক করে দেয়।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলিয়া বিনতে সুবায়ঈ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন